# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

স্মারক নং- কু.বি./রেজি./নিয়োগ বিজ্ঞাপন-৪৪৬/২০১২/৫৬ তারিখ: ০৯/০১/২০২৩খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম, পদসংখ্যা ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | **পরিচালক (প. ও উ.)-০১ জন**<br>বেতনস্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-<br>গ্রেড-৩ | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালক পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিস এবং এক্সেল- এ দক্ষতা থাকা বাঞ্চনীয়। খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মকর্তাগণ চুক্তিভিত্তিক চাকরি করতে আগ্রহী হলে দরখাস্ত করতে পারবেন। বয়স: সর্বোচ্চ ৫৫ বছর। |

**শর্তাবলী:**

০১। আবেদনপত্র 'রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ী, কুমিল্লা' বরাবর আগামী ৩০/০১/২০২৩খ্রি. তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা) সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.cou.ac.bd) থেকে অথবা ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন (সকাল-৯.০০ টা থেকে বিকাল-৪.০০টা) রেজিস্ট্রার দপ্তর থেকে সংগ্রহ করতে হবে।

০৩। (ক) প্রার্থীদেরকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ ১০ (দশ) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

(খ) সকল পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, অন্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি (প্রথম শ্রেণীর কর্মকর্তার নামসহ সীলযুক্ত) মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকিট সমেত ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে।

০৪। জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা হতে বর্ণিত পদে ১০০০/- (এক হাজার) টাকার সংগৃহিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর, জনতা ব্যাংক লিমিটেড, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা, কোটবাড়ী, কুমিল্লা এর অনুকূলে হতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৫। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক কুমিল্লা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার বরাবর অগ্রায়িত হলে অথবা কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিল সমেত Forwarded বা অগ্রায়িত শব্দটি লেখা থাকলে তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন বলে বিবেচিত হবে।

০৬। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীদেরকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ০২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। প্রত্যেক প্রার্থীকে প্রার্থীত পদের নাম এবং মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের পুত্র-কন্যা/প্রতিবন্ধী এবং উপজাতি/আদিবাসী প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।

০৯। প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত ও সাক্ষাৎকারে ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিভাগীয় এবং সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত সুবিধা প্রদান করা হবে না।

09-01-2023

(মোঃ আমিরুল হক চৌধুরী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।